৮

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 JUN 1995 ...
পৃষ্ঠা ৩ কলাম ৫

# চাঁদপুরে প্রাথমিক শিক্ষক সমন্বয়ে অনিয়মের অভিযোগ

চাঁদপুর সংবাদদাতা ॥ চাঁদপুর জেলায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় শিক্ষক সমন্বয়ের নামে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ব্যাপক অনিয়মের আশ্রয় গ্রহণ করিতেছেন বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। সম্প্রতি এক সরকারী সার্কুলারে প্রাথমিক শিক্ষা ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে প্রতিটি বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুপাতে শিক্ষক-শিক্ষিকাদের সমন্বয় করিয়া শূন্যস্থান পূরণ করার আদেশ দেওয়া হয়। আদেশপ্রাপ্তির পর এখানকার কতিপয় কর্মকর্তা ও শিক্ষক প্রতিনিধির কারণে সঠিকভাবে কাজটি করা হইতেছে না বলিয়া সাধারণ শিক্ষকগণ অভিযোগ করিয়াছেন।

সম্প্রতি চাঁদপুর সদর থানার

(৪র্থ পৃঃ দ্রঃ)

## চাঁদপুরে প্রাথমিক শিক্ষক সমন্বয়ে

(৩য় পৃঃ পর)

উত্তর শ্রীরামদী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সমন্বয়ের নামে জনৈকা শিক্ষিকাকে বদলী করা হয়। এই বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা অনুপাতে শিক্ষক শিক্ষিকা থাকার কথা ৬ জন। বর্তমানে আছেন প্রধান শিক্ষকসহ ৩ জন। এই বিদ্যালয়ে ৪২৫ জন ছাত্র-ছাত্রীর মধ্যে একজনও হিন্দু নাই। অথচ প্রধান শিক্ষক ব্যতীত সবাই হিন্দু শিক্ষিকা। স্বভাবতই প্রশ্ন জাগে, প্রধান শিক্ষকের একার পক্ষে কিভাবে ৪২৫ জন ছাত্র-ছাত্রীর ইসলাম ধর্ম পড়ানো সম্ভব? সম্প্রতি থানার নির্বাহী কর্মকর্তার পদাধিকারবলে উক্ত শিক্ষক সমন্বয় কমিটির সভাপতি হিসাবে থাকার কথা। সদর থানার এই ধরনের শিক্ষক বদলির ব্যাপারে থানা নির্বাহী কর্মকর্তা কিছু জানেন না বলিয়া জানান।